



বাংলাদেশের  
স্থল বিদ্যুৎ  
Bangladesh



## ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED (WZPDCL)  
(An Enterprise of Bangladesh Power Development Board)

ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বিদ্যুৎ ভবন, বয়রা মেইন রোড, খুলনা-৯০০০  
www.wzpdcl.gov.bd. e-mail: wzpdcl.md.@gmail.com





স্মারক নং-২৭.২২.৪৭৮৫.০০২.২৭.১০৪.২২-২৬৪৫

তারিখ: ২৩/১১/২০২২ খ্রিঃ

### সহকারী প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলী পদে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে বয়স শিথিলকরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ওজোপাডিকো) খুলনাতে কোম্পানির প্রচলিত বেতন স্কেল ও ভাতাদিতে সহকারী প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলী পদে নিয়োগের নিমিত্ত স্মারক নং ২৭.২২.৪৭৮৫.০০২.২৭.০১.২২-১৩০৭ তারিখ: ৩০/০৬/২০২২ খ্রি: মোতাবেক সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। উল্লিখিত নিয়োগ বিজ্ঞপ্তির ৬ নং শর্তে বর্ণিত পদের ক্ষেত্রে ৩০/০৬/২০২২ তারিখে উর্ধ্ব বয়সসীমা ৩০বৎসর এবং প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের জন্য উর্ধ্ব বয়স ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য মর্মে উল্লেখ ছিল। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২২/০৯/২০২২ তারিখের সূত্র নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ অনুযায়ী ২৫/০৩/২০২০ তারিখে যে সকল প্রার্থীর বয়স সর্বোচ্চ বয়স সীমার মধ্যে ছিল শুধুমাত্র সে সকল প্রার্থী বিজ্ঞপ্তিতে উল্লিখিত ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার শর্ত পূরণ সাপেক্ষে আগামী ০৬/১২/২০২২ খ্রি: তারিখের মধ্যে সহকারী প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলী পদে পুনরায় ওজোপাডিকো'র ওয়েবসাইট [www.wzpdcl.gov.bd](http://www.wzpdcl.gov.bd) অথবা <https://jobs.wzpdcl.gov.bd:6780> এ Online Application Form পূরণের মাধ্যমে নির্ধারিত ফরম-এ আবেদন করতে পারবেন। Online Application Form-এর নির্দিষ্ট স্থানে প্রার্থীর স্বাক্ষর ও ছবি স্ক্যান করে বসাতে হবে। নিয়োগ বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী প্রযোজ্য হবে। সহকারী প্রকৌশলী এবং উপ-সহকারী প্রকৌশলী পদে নিয়োগের নিমিত্ত স্মারক নং ২৭.২২.৪৭৮৫.০০২.২৭.০১.২২-১৩০৭ তারিখ: ৩০/০৬/২০২২ খ্রি: মোতাবেক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিট ওজোপাডিকো'র ওয়েবসাইট-এ দেখা যাবে। ইতোপূর্বে যে সকল প্রার্থী উল্লিখিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে আবেদন করেছেন তাদের পুনরায় একই পদে আবেদন করার প্রয়োজন নেই। তাদের পূর্ববর্তী আবেদন বহাল থাকবে।

নির্দেশক্রমে,

  
উপ-মহাব্যবস্থাপক  
(এইচআর এন্ড এডমিন)   
ওজোপাডিকো, খুলনা।